

আরও ৬ বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন

নিজস্ব বার্তা পরিবেশক

আরও ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন দিয়েছে সরকার। এ নিয়ে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয় হলো ৮৯টি। কিছুদিন আগে ছয়টি বিশ্ববিদ্যালয় অনুমোদন দেয়া হয়েছে বলে গতকাল সাংবাদিকদের জানান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) হেলাল উদ্দিন।

নতুন বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢাকায় দুটি, চট্টগ্রাম, খুলনা, কুষ্টিয়া ও মানিকগঞ্জে একটি করে প্রতিষ্ঠার অনুমোদন দিয়ে আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। রাজধানীর বাডডায় প্রতিষ্ঠার জন্য অনুমোদন পেয়েছে 'দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার', যার উদ্যোক্তা অধ্যাপক মোহাম্মদ জামিল হাবিব। ঢাকার তেজগাঁওয়ে স্থাপিত হবে 'কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ', যার উদ্যোক্তা হিসেবে রয়েছে চৌধুরী নাকিজ সরাফতের নাম।

বাকি চারটির মধ্যে মানিকগঞ্জে অনুমোদন দেয়া হয়েছে 'এনপিআই ইউনিভার্সিটি অব বাংলাদেশ'র। যৌথভাবে এ বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা হিসেবে রয়েছেন সাবেক হাজীরা নেতা শামসুর রহমান ও ইসহাক আলী খান পান্না।

খুলনায় অনুমোদন পেয়েছে 'নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি', যার প্রতিষ্ঠাতা আনছার আলী। কুষ্টিয়ার অনুমোদন পেয়েছে 'রবীন্দ্র বেসরকারি : পৃষ্ঠা : ১৫ ক : ৬

বেসরকারি : বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

মৈত্রী বিশ্ববিদ্যালয়' যার উদ্যোক্তা হলেন কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের সাবেক ডিন মোহাম্মদ জাহরুল ইসলাম।

চট্টগ্রামে অনুমোদন দেয়া হয়েছে 'ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি'। এ বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা হিসেবে আছেন মুহাম্মদ ওসমান।

অতিরিক্ত সচিব হেলাল উদ্দিন জানান, নতুন অনুমোদন পাওয়া বিশ্ববিদ্যালয়গুলো বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে বিভাগ, অনুমতি গঠন ও পাঠদানের অনুমোদন নেবে। এরপর শিক্ষক নিয়োগ দিয়ে কার্যক্রম শুরু করবে বিশ্ববিদ্যালয়গুলো। সব প্রক্রিয়া শেষ করে তিন মাসের মধ্যে শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে।